

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-১৩/২০২৪

তারিখঃ ১৮/০২/২০২৪খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর অফিস স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭, তারিখঃ ১৪/০২/২০২৪খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/

তারিখঃ ১৪/০২/২০২৪খ্রিঃ

বিষয়ঃ পোশাক শিল্পের রপ্তানি চালানের অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকে অনলাইনে হালনাগাদকরণে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র প্রদানের কার্যক্রম সহজীকরণ।

সূত্রঃ ১। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮, তারিখঃ ২৬/১২/২০২২খ্রিঃ।
২। বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাস/২০২৪/৪০৬, তারিখঃ ১৩/০১/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত (১) নং আদেশের মাধ্যমে পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানি পরবর্তীতে শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্যসমূহ বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণের নিমিত্তে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে প্রত্যয়ন পত্র প্রদান করার ক্ষেত্রে কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত অফিস আদেশের ভিত্তিতে প্রযোজ্য মূল দলিলাদি সহ অন্যান্য তথ্য যাচাই বাছাই করা হয়। কিন্তু অনেক পুরাতন বিল অব এক্সপোর্টের ক্ষেত্রে দীর্ঘ দিনের পুরানো শর্ট শিপমেন্ট সার্টিফিকেট না থাকা, প্রাইভেট আইসিডি'তে রক্ষিত শর্ট শিপমেন্ট রেজিষ্টার খুঁজে না পাওয়া সহ ইতিমধ্যে অনেক প্রাইভেট আইসিডি বন্ধ হয়ে যাওয়ার কারণে অনেক ক্ষেত্রে তথ্য সংগ্রহ করা সম্ভব না হওয়ায় রপ্তানিকারকগণ প্রত্যয়নপত্র সংগ্রহের ক্ষেত্রে বিভিন্ন জটিলতা ও হয়রানির সম্মুখীন হচ্ছেন এবং বাংলাদেশ ব্যাংকের অনলাইনে তথ্য হালনাগাদ করতে পারছেন না মর্মে সূত্রোক্ত (২) নং পত্রে উল্লেখ করা হয়েছে।

০৩। বর্গিতবছায়, প্রত্যয়ন পত্র প্রদানের কার্যক্রম সহজীকরণের নিমিত্তে কেবল ২০২০ সালের পূর্বের বিল-অব এক্সপোর্টসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রত্যয়ন পত্র প্রদান করলে এবং এই সকল রপ্তানি সংশ্লিষ্ট যে কোন ধরনের আইনানুগ জটিলতার ক্ষেত্রে প্রতিষ্ঠান সকল দায়-দায়িত্ব বহন করবে মর্মে কাস্টম হাউসের কমিশনার বরাবর একটি অঙ্গীকারনামা প্রদান করলে তার ভিত্তিতে সংশ্লিষ্ট কাস্টম হাউস প্রত্যয়ন পত্র প্রদান করবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

স্বাঃ/-

এইচ এম আহসানুল কবীর

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com